



কৃষিব্যবসা ও উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

জুলাই-ডিসেম্বর/২০১৮ সিমেন্টারে MBA in Agribusiness কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

কৃষিব্যবসা ও উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (Institute of Agribusiness and Development Studies), বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়-এ জুলাই-ডিসেম্বর/২০১৮ সিমেন্টারে পূর্ণকালীন MBA in Agribusiness কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদান করা হলো :

ডিগ্রী: MBA in Agribusiness
সময়কালঃ দুই বছর (ইন্টার্নশীপ/থিসিস সিমেন্টার সহ চার সিমেন্টার)
ক্রেডিট: ৬৪

শিক্ষাগত যোগ্যতা :

- প্রার্থীদেরকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষি বিজ্ঞানে (ভেটেরিনারি, কৃষি, পশুপালন, কৃষি অর্থনীতি, কৃষি প্রকৌশল, ফুড টেকনোলোজি এবং মাৎস্যবিজ্ঞান) ৪ (চার) বৎসরের গ্র্যাজুয়েশন ডিগ্রী থাকতে হবে।
- ক্রেডিট কোর্স পদ্ধতিতে পাশকৃত প্রার্থীদেরকে সিজিপিএ ৪.০ এর মধ্যে ন্যূনতম ২.৫ অথবা ৫.০ এর মধ্যে ন্যূনতম ৩.৫ থাকতে হবে। পুরাতন পদ্ধতিতে পাশকৃত প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে।

অন্যান্য তথ্যাদিঃ

- পূর্বলী ব্যাংক লিঃ, বিশ্ববিদ্যালয় চত্ত্বর শাখা, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে ৫০০.০০ (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) প্রদান পূর্বক ভর্তির জন্য নির্ধারিত আবেদনপত্র আগামী ২৩ মে ২০১৮ - ০৫ জুলাই ২০১৮ পর্যন্ত সংগ্রহ করা যাবে। সংগৃহীত আবেদনপত্র যথাযথভাবে পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ ০৫ জুলাই ২০১৮ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে কৃষিব্যবসা ও উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (IADS) অফিসে জমা দিতে হবে।
- আবেদনপত্রের সাথে সত্যায়িত সকল পরীক্ষার সার্টিফিকেট, মার্কশিট এবং ৩ কপি পাসপোর্ট সাইজ ছবি সংযোজন করতে হবে। সদ্য অনার্স ফাইনাল পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে প্রভিশনাল সার্টিফিকেট গ্রহণযোগ্য।
- ভর্তি পরীক্ষা নৈর্ব্যক্তিক (Communication, Mathematics & Analytical Ability) এবং রচনামূলক (Essay writing & Interpretation skill) এই দুই ভাগে বিভক্ত থাকবে।
- প্রার্থীকে ভর্তির সময় “এই বিশ্ববিদ্যালয়ের অন্য কোন বিভাগে/ইনস্টিটিউটে ভর্তি হয় নাই” এই মর্মে অঙ্গিকারনামা প্রদান করতে হবে।
- চাকরিরত প্রার্থীদেরকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট থেকে “অধ্যয়নকালীন সময়ে ক্লাসে যোগদান এবং শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য চার সিমেন্টারব্যাপী সময়কাল অর্থাৎ ২৪ মাসের ছুটি প্রদান করা হবে”- এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে। ভর্তির তারিখ হতে তিন মাসের মধ্যে ছুটির চূড়ান্ত কাগজপত্র জমা দিতে হবে, অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে অবশ্যই মাইগ্রেশন সার্টিফিকেট সংযোজন করতে হবে।
- ভর্তি পরীক্ষার ফলাফল IADS-এর নোটিশ বোর্ড এবং ওয়েবসাইট (www.bau.edu.bd/dept/iads)-এ প্রকাশ করা হবে।
- বিস্তারিত নিয়মাবলী ও ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত তথ্যাদি IADS-অফিস থেকে সংগ্রহ করতে হবে।
(প্রয়োজনে: 01723-94 77 55, 01913-20 97 72)।
- ভর্তিযোগ্য আবেদনপত্রসমূহ একাডেমিক কমিটির মাধ্যমে সুপারিশসহ ২৩ জুলাই ২০১৮ তারিখের মধ্যে কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি অফিসে প্রেরণ করা হবে।
- অসম্পূর্ণ, অস্পষ্ট এবং দেরীতে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

গুরুত্বপূর্ণ তারিখ :

আবেদনপত্র সংগ্রহ ও জমাদান	২৩ মে ২০১৮ - ০৫ জুলাই ২০১৮
ভর্তি পরীক্ষা	১০ জুলাই ২০১৮
ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ	১২ জুলাই ২০১৮
ভর্তি প্রক্রিয়ার নির্ধারিত কার্যাদি সম্পাদন	১৫ জুলাই ২০১৮ - ২২ জুলাই ২০১৮
ক্লাস শুরু	২৫ জুলাই ২০১৮